অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/9/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অপরাধের মোকাবেলা ও জননিরাপত্তা উন্নত করার জন্য নতুন উদ্যোগ ঘোষণা করলেন

স্টেট অফ দ্য স্টেট প্রস্তাবনা নিউ ইয়র্কবাসীর জননিরাপত্তা উদ্বেগের সমাধান করবে, যেমন বন্দুক সহিংসতা, রিটেইল চুরি, পারিবারিক সহিংসতা, এবং ঘৃণা অপরাধ

স্টেট একাধিক আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সির মধ্যে যৌথ অপারেশন স্থাপন করবে এবং রিটেইল চুরির মোকাবেলা করতে, ক্ষুদ্র ব্যবসা এবং রিটেইল কর্মীদের সমর্থন, এবং নিউ ইয়র্কবাসীর মানসিক শান্তির জন্য নতুন স্টেট পুলিশকে "স্ম্যাশ অ্যান্ড গ্র্যাব প্রয়োগ ইউনিট" তৈরি করবে

বন্দুক সহিংসতা প্রতিরোধ করার উদ্দেশ্যে স্বাস্থ্য বিভাগের বন্দুক সহিংসতা প্রতিরোধ অফিসকে কৌশলের সার্বিক সেট বাস্তবায়ন করার নির্দেশ প্রদান

স্টেটের বিনিয়োগ পারিবারিক সহিংসতার অপরাধীর সফল প্রসিকিউশন এবং দোষীদের বন্দুক বাজেয়াপ্ত করাকে সমর্থন করবে

নিউ ইয়র্কে ঘৃণা অপরাধ মোকাবেলা করতে গভর্নরের অব্যাহত প্রয়াসকে অগ্রসর করার জন্য গভর্নর হোকল ঘৃণা অপরাধ হিসেবে প্রসিকিউশনের যোগ্য অপরাধের তালিকা সম্প্রসারিত করার জন্য বিধিমালার প্রস্তাব পেশ করবেন

গভর্নর ক্যাথি হোকল আজকে তার 2024 স্টেট অফ দ্য স্টেট ভাষণের অংশ হিসেবে নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখার জন্য একাধিক উদ্যোগ ঘোষণা করেছেন। নিউ ইয়র্কবাসীরা অপরাধ এবং জননিরাপত্তা নিয়ে বিশেষভাবে উদ্বিগ্ন আছে, তাই গভর্নর হোকল ক্ষুদ্র ব্যবসাসমূহকে সমর্থন করার জন্য এবং গ্রাহকদের মানসিক শান্তি প্রদান করার জন্য রিটেইল চুরির মোকাবেলা করতে আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিসমূহের একটি যৌথ অপারেশন শুরুর ঘোষণা দিয়েছেন। এছাড়াও স্টেটের বিনিয়োগ বিনিয়োগ পারিবারিক সহিংসতার অপরাধীর সফল প্রসিকিউশন এবং দোষীদের বন্দুক বাজেয়াপ্ত করাকে সমর্থন করবে। এছাড়াও গভর্নর হোকল বন্দুক সহিংসতা প্রতিরোধ করার উদ্দেশ্যে স্বাস্থ্য বিভাগের (Department of Health) বন্দুক সহিংসতা প্রতিরোধ অফিসকে (Office of Gun Violence Prevention) কৌশলের সার্বিক সেট বাস্তবায়ন করার নির্দেশ প্রদান করেছেন। ঘৃণা অপরাধ মোকাবেলা করতে গভর্নরের

অব্যাহত প্রয়াসকে অগ্রসর করার জন্য গভর্নর হোকল ঘৃণা অপরাধ হিসেবে প্রসিকিউশনের যোগ্য অপরাধের তালিকা সম্প্রসারিত করার জন্য বিধিমালার প্রস্তাব পেশ করবেন।

"সরকার যদি নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখতে না পারে, তাহলে বাকি সবকিছুই নিরর্থক," **গভর্নর হোকল বলেন।** "গত বছর, আমরা বন্দুক সহিংসতা হ্রাস করেছি এবং স্টেটব্যাপী গুলির ঘটনা এক তৃতীয়াংশের বেশি কমাতে পেরেছি। বন্দুক সহিংসতা হ্রাস করার ক্ষেত্রে আমাদের সাফল্য প্রমাণ করে যে অভীষ্ট কৌশল কাজ করে, এবং পরিবর্তনের ধারা সম্ভব।"

দায়িত্ব গ্রহণের পর থেকে গভর্নর হোকল নিউ ইয়র্ককে নিরাপদ করার উদ্যোগ ও বিনিয়োগকে অগ্রাধিকার প্রদান করে যাচ্ছেন। 2023 সালে, গুলির ঘটনার সংখ্যা মহামারী সময়ের চূড়ান্ত অবস্থা থেকে উল্লেখজনকভাবে হ্রাস পেয়েছে, নিউ ইয়র্ক সিটিতে 2021 সালের তুলনায় আনুমানিক 38 শতাংশ হ্রাস পেয়েছে, এবং বন্দুক সংশ্লিষ্ট সহিংসতা নির্মূল (Gun Involved Violence Elimination, GIVE) জুরিসডিকশনের অধীনে স্টেটজুড়ে প্রায় 35 শতাংশ হ্রাস পেয়েছে। নিউ ইয়র্ক সিটি এখন গুলির ঘটনার 2016 পর্যায়ে এবং GIVE জুরিসডিকশন 2017 পর্যায়ে পৌঁছে গেছে।

<u>রিটেইল চুরি মোকাবেলা</u>

গভর্নর হোকল সম্পত্তি অপরাধ সামাল দিতে সার্বিক একটি পরিকল্পনার প্রস্তাব করছেন, যা ক্ষুদ্র ব্যবসাসমূহকে ত্রাণ পরদিন করবে, এবং কেনাকাটার সময় নিউ ইয়র্কবাসীকে মানসিক শান্তি প্রদান করবে। মহামারীর সময় থেকে স্টেটজুড়ে সম্পত্তি অপরাধের সংখ্যা সূচকীয় হারে বৃদ্ধি পেয়েছে। 2023 সালের জানুয়ারি থেকে জুন পর্যন্ত, নিউ ইয়র্ক সিটিতে লুটপাটের ঘটনা 2022 সালের একই সময়কাল থেকে 12 শতাংশ বেশি এবং 2017 সালের প্রথম ছয় মাসের তুলনায় 58 শতাংশ বেশি। স্টেটের অবশিষ্ট অংশে যদিও 2017 সালের তুলনায় 2 শতাংশ হ্রাস পেয়েছে, কিন্তু বছরের ক্রমানুসারে লুটপাট 3 শতাংশ করে বৃদ্ধি পেয়েছে এবং এর ধারা বৃদ্ধির দিকেই রয়েছে। ফলস্বরূপ, ব্যবসার মালিক এবং রিটেইল কর্মীরা বর্ধিত দুশ্চিন্তা এবং আর্থিক চাপের সম্মুখীন হচ্ছে, এবং নিউ ইয়র্কবাসীকে একটি স্থানীয় ফার্মেসি, মুদি দোকান বা রিটেইল দোকানে সাধারণ প্রাত্যহিক কাজ করার সময় উদ্বিগ্ন ও বিরক্ত হতে হচ্ছে।

গভর্নর হোকলের পরিকল্পনার মধ্যে রয়েছে:

- অনলাইন বাজার এবং চুরি যাওয়া পণ্য বিক্রিকে সমর্থন করে এমন তৃতীয় পক্ষের বিক্রেতাদের জন্য অপরাধমূলক শাস্তি স্থাপন করা এবং রিটেইল কর্মীকে আক্রমণ করার অপরাধমূলক শাস্তি বৃদ্ধি করার জন্য বিধিমালা পেশ করা;
- আমাদের অপরাধ বিশ্লেষণ কেন্দ্রসমূহের নেটওয়ার্কের মাধ্যমে আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সি ও প্রসিকিউটরদের সাড়াদানের সমন্বয় করতে রিটেইল চুরি যৌথ অপারেশন (Retail Theft Joint Operation) শুরু করা, যা বন্দুক পাচারের ক্ষেত্রে সফল স্টেটের অভ্যন্তরীণ টাস্ক ফোর্সের আদলে তৈরি হবে কিন্তু এর উদ্দেশ্যে হবে সংঘবদ্ধ রিটেইল চুরি অপরাধ মোকাবেলা করা;
- সংঘবদ্ধ রিটেইল চুরির চক্রের বিরুদ্ধে মামলা গঠনের জন্য একটি নিবেদিত নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police, SP) দল নিযুক্ত করা;

- নিউ ইয়র্ক স্টেট পুলিশ স্ম্যাশ অ্যান্ড গ্র্যাব প্রয়োগ ইউনিট (Smash and Grab Enforcement Unit) তৈরি করা।
- সংঘবদ্ধ অপরাধমূলক চুরির শিকার রিটেইলারদের থেকে তথ্য সংগ্রহের জন্য তৈরি করা স্টেটজুড়ে একটি কেন্দ্রীয় তথ্য সংগ্রহ ও প্রমাণ সংগ্রহ কৌশল প্রদানের মাধ্যমে 11 টি অপরাধ বিশ্লেষণ কেন্দ্রের (Crime Analysis Centers, CACs) কাজ সম্প্রসারণ করা। CAC এইসব ডেটা, তথ্য ও প্রমাণ সংগ্রহ করবে এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীদেরকে প্রদান করবে যাতে পুরো স্টেটের জুরিসডিকশনসমূহে এইসব অপরাধের তদন্ত ও প্রসিকিউশনকে উন্নত করা যায়;
- ব্যবসার মালিকদের নির্দিষ্ট কিছু দোকানের নিরাপত্তা ব্যবস্থার খরচের ক্ষেত্রে সাহায্য করার জন্য একটি বাণিজ্যিক নিরাপত্তা কর ক্রেডিট (Commercial Security Tax Credit) স্থাপন করা;
- পুরো স্টেটের ডিস্ট্রিক্ট অ্যাটর্নিদের (District Attorney, DA) অফিসে সম্পত্তি অপরাধ, বিশেষ করে সংঘবদ্ধ রিটেইল চুরিকেন্দ্রিক নিবেদিত দলের জন্য তহবিল প্রদান;
- ক্ষুদ্র ব্যবসায়ীদের এই রিটেইল চুরির মোকাবেলাতে সহায়তা করার জন্য ট্রেসপাস অ্যাফিডেভিট এবং অন্যান্য আইনি কৌশলের বর্ধিত ব্যবহার, প্রয়োগ ও প্রসিকিউশন সম্ভব করার জন্য DA এবং SP ইউনিটের জন্য তহবিল;

<u>বন্দুক সহিংসতা প্রতিরোধ</u>

বন্দুক সহিংসতা প্রতিরোধ করার উদ্দেশ্যে কৌশলের একটি সার্বিক সেট বাস্তবায়ন করার জন্য গভর্নর হোকল বন্দুক সহিংসতা প্রতিরোধ অফিসকে নির্দেশ দিবেন।

- সম্প্রদায়ভিত্তিক সংগঠন ও হাসপাতালগুলিকে কারিগরি সহায়তা প্রদান যাতে করে তাদের হাসপাতালের সহিংসতা হস্তক্ষেপ কর্মসূচি সম্প্রতি স্বাক্ষরিত সহিংসতা প্রতিরোধের জন্য মেডিকেইড ব্যয়পূরণ কর্মসূচির (Medicaid Reimbursement for Violence Prevention Programs) সাথে সামঞ্জস্য বজায় রাখতে পারে, এর ফলে সম্প্রদায়ে সহিংসতার শিকার নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীরা যোগ্য বিশেষজ্ঞদের থেকে সহিংসতা প্রতিরোধ সেবা পেতে পারবে;
- বর্ণ ও শ্রেণীভিত্তিক প্রচলিত গতানুগতিক মনোভাব, যা বর্ণ সংক্রান্ত অন্যায় এবং স্বাস্থ্য অসমতাকে আরো বৃদ্ধি করে তা নিরুৎসাহিত করার জন্য বন্দুক সহিংসতা সম্পর্কিত বর্ণনা পরিবর্তন করার জন্য জনসচেতনতা বৃদ্ধি অব্যাহত রাখা;
- নিজেদের ও অন্যদের জন্য হুমকি হতে পারে এমন লক্ষণ প্রদর্শন করা ব্যক্তিদের সকল ধরনের আগ্নেয়াস্ত্র পাওয়া প্রতিরোধ করতে একটি চরম ঝুঁকি সুরক্ষা আদেশের পিটিশন দায়ের করার জন্য স্বাস্থ্যসেবা প্রদানকারীদেরকে অনুমতি প্রদান করে 2022 সালের জুন মাসে গভর্নর হোকলের রেড ফ্ল্যাগ আইন (Red Flag Law) সম্প্রসারণের ভিত্তিতে নিউ ইয়র্ক এইসব স্বাস্থ্যসেবা প্রদানকারীদের প্রশিক্ষণ ও সচেতনতা প্রদান করবে।
- বন্দুক সহিংসতা প্রতিরোধ টাস্ক ফোর্সের (Gun Violence Prevention Taskforce) জন্য একটি নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য ব্যবস্থা (New York State Health Systems)

- সমবেত করা যার উদ্দেশ্য হবে ডেটা অবকাঠামো, আগ্নেয়াস্ত্র দ্বারা আহত হওয়ার ঝুঁকি মূল্যায়ন স্ক্রিনিং, এবং সহিংসতায় হাসপাতালের হস্তক্ষেপ;
- বন্দুক সহিংসতার সর্বোচ্চ হার থাকা ঐতিহাসিকভাবে কম সংস্থান পাওয়া সম্প্রদায়সমূহে সম্প্রদায়ের নেতৃত্বাধীন তরুণ কর্মসূচিতে বিনিয়োগ অব্যাহত রাখা।
- একটি আগ্নেয়াস্ত্র সম্পর্কিত আঘাতের সিন্ড্রোমিক নজরদারি ব্যবস্থা তৈরি ও জনগণের জন্য একটি ড্যাশবোর্ড তৈরি।

<u>পারিবারিক সহিংসতা হ্রাস এবং ভুক্তভোগীদের সমর্থন</u>

স্টেটের মোট খুনের প্রায় 20 শতাংশ পারিবারিক সহিংসতার কারণে হয়ে থাকে। প্রতি বছর, নিউ ইয়র্ক সিটির বাইরের আনুমানিক 40 শতাংশ ফেলোনি হামলা এবং 30 শতাংশ আগ্রাসী হামলা পারিবারিক সহিংসতা সম্পর্কিত হয়ে থাকে। তবে, বহু পারিবারিক সহিংসতার অপরাধীকে কখনোই প্রসিকিউট করা হয় না, যার ফলে অপরাধীদের শোষণমূলক ব্যবহার চলতে থেকে বা আরো বৃদ্ধি পায়। 2022 সালে নিউ ইয়র্কে প্রায় প্রতি তিনটির মধ্যে দুইটি প্রসিকিউট করা পারিবারিক সহিংসতার গ্রেফতার খারিজ করা হয়েছে।

পারিবারিক সহিংসতা মামলার সফল প্রসিকিউশন এবং আগ্নেয়াস্ত্র বাজেয়াপ্ত করা উভয় ক্ষেত্রে সম্ভাবনা বৃদ্ধি করার জন্য প্রমাণিত কৌশলের একটি সেটে সাহসী বিনিয়োগ করার জন্য গভর্নর হোকল প্রস্তাবনা পেশ করছেন, যা উচ্চ ঝুঁকির অপরাধীদের মধ্যে ভবিষ্যৎ সহিংসতা প্রতিরোধ করবে এবং ভুক্তভোগীদের নিরাময়ে সাহায্য করবে:

- DV STAT সম্প্রসারিত করার জন্য GIVE জুরিসডিকশনগুলির ডিস্ট্রিক্ট অ্যাটর্নি অফিসে নিবেদিত তহবিল প্রদান করা, DV STAT হলো কুইন্সে প্রথম পাইলট করা একটি মডেল যা গ্রেফতারের পূর্বেই প্রমাণ সংগ্রহ করা এবং অপরাধের শিকার ব্যক্তির সাথে সম্পর্ক গঠনকে সমর্থন করে।
- উচ্চ ঝুঁকির পারিবারিক সহিংসতার অপরাধী ও অপরাধের শিকার ব্যক্তিকেন্দ্রিক "গোল্ড স্ট্যান্ডার্ড" ঝুঁকি মূল্যায়ন টুল বাস্তবায়ন করার জন্য জুরিসডিকশনগুলিকে তহবিল প্রদান করা;
- পারিবারিক সহিংসতার অপরাধী সম্পর্কিত কাজের জন্য GIVE জুরিসডিকশনগুলিকে নিবেদিত তহবিল প্রদান, যেখানে উচ্চ ঝুঁকির ব্যক্তিদের সনাক্ত করা হবে এবং অপরাধপ্রবণতা হ্রাস করতে তাদের নিয়ে কাজ করা হবে;
- পারিবারিক সহিংসতায় মনোযোগ দেওয়ার মাধ্যমে সম্প্রতি মুক্তিপ্রাপ্ত ব্যক্তিদের মধ্যে জননিরাপত্তা উন্নত করতে সহিংস জড়িতকরণের বিরুদ্ধে তত্ত্বাবধান (Supervision Against Violent Engagement, SAVE) কর্মসূচি সম্প্রসারণ করার জন্য তহবিল প্রদান;
- স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীদের ডেটা সংগ্রহ সক্ষমতা গঠন করতে CAC এর সাথে অংশীদারিত্ব করার জন্য এবং পারিবারিক সহিংসতার প্রতিবেদন সংশ্লিষ্ট তথ্য আদানপ্রদানে আইন শৃঙ্খলা রক্ষাকারীদের বর্তমান স্টেট সক্ষমতা পর্যালোচনা করতে স্টেটের পারিবারিক সহিংসতা প্রতিরোধ অফিসের (Office for the Prevention of Domestic Violence) সাথে কাজ করার জন্য স্থানীয় জুরিসডিকশনগুলিকে তহবিল প্রদান। পারিবারিক ঘটনার অভিযোগের

(Domestic Incident Reporting) মাধ্যমে সেবার জন্য পারিবারিক ফোনের উত্তর দেওয়ার সময় উপলভ্য অতি গুরুত্বপূর্ণ ডেটা ব্যবহারকে নিউ ইয়র্ক আধুনিকায়িত করবে এবং জাতীয় ঘটনা ভিত্তিক অভিযোগ ব্যবস্থার (National Incident Based Reporting System) ব্যবহার সম্প্রসারিত করবে যাতে করে অতি গুরুত্বপূর্ণ এবং সম্ভাব্য জীবন রক্ষাকারী তথ্য ও প্রতিবেদন স্টেটব্যাপী বৈদ্যুতিক, আদানপ্রদান যোগ্য, এবং অনুসন্ধানযোগ্য হয়;

- তাদের সঙ্কটের সময়ে ভুক্তভোগীদেরকে জরুরি পরিস্থিতির ব্যয় পরিশোধ করার জন্য ব্যবহৃত ক্ষুদ্র অনুদানের মাধ্যমে জরুরি, নমনীয় তহবিল সহায়তা প্রদান করার জন্য গভর্নরের প্রতিশ্রুতি অব্যাহত থাকবে।

ঘৃণা অপরাধ বৃদ্ধির মোকাবেলা

ঘৃণা অপরাধ হিসেবে প্রসিকিউশন করার যোগ্য অপরাধের তালিকা সম্প্রসারণ করতে গভর্নর হোকল বিধিমালা প্রস্তাব করছেন যাতে সকল ধরনের ফার্স্ট ডিগ্রি ধর্ষণ, গ্যাং আক্রমণ, গ্র্যাফিটি তৈরি, এবং অগ্নিসংযোগ, ইত্যাদিকে অন্তর্ভুক্ত করা যায়। 2018 এবং 2022 সালের মধ্যে, নিউ ইয়র্ক সিটিতে ঘৃণা অপরাধের ঘটনা 69 শতাংশ এবং নিউ ইয়র্ক সিটির বাইরে 109 শতাংশ বৃদ্ধি পেয়েছে। ঘৃণা অপরাধ ও হয়রানির ঘটনার সাম্প্রতিক বৃদ্ধি, যা হলো 2023 সালের অক্টোবর মাসের পর ইহুদিবিরোধী ঘটনায় বৃদ্ধির কারণে 214 শতাংশ বৃদ্ধিসহ সকল ধরনের ঘৃণা অপরাধের মোকাবেলা করার প্রয়াসে গভর্নর হোকল সম্মুখসারিতে আছেন। গভর্নর হোকল যৌথ সন্ত্রাসবাদ টাস্ক ফোর্সে (Joint Terrorism Task Force) অতিরিক্ত স্টেট পুলিশ নিযুক্ত করেছেন, ঘৃণা অপরাধের ঘটনার অভিযোগ করার জন্য একটি নতুন হটলাইন শুরু করা হয়েছে, এবং স্টেটব্যাপী 497টি অলাভজনক সম্প্রদায়ের গোষ্ঠী, সাংস্কৃতিক জাদুঘর, এবং নাগরিক সংগঠনের নিরাপত্তা সমর্থন করার জন্য 51 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অনুদান তহবিল বিতরণ করা হয়েছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418